

আরো কয়েকটি কবিতা

নুসরাত সুলতানা

‘তালি-জোড়া’

কষ্টটা যেন শুধু করে ঘোরাফেরা
লাভের হিসাব তাই চলে দিয়ে জোড়া।

শনি সম দুখ ভাল নাকি সম ধরা?
লাভটা হিসাব করি দিয়ে তালি-জোড়া।
বন্যাটা বেশি ভাল নাকি ভাল খরা?
লাভটা হিসাব করি দিয়ে তালি-জোড়া।
হাতে মারা ভাল নাকি ভাল দাঁতে মারা?
লাভটা হিসাব করি দিয়ে তালি-জোড়া।
ছিঁড়ে কাটা ভাল নাকি ভাল কেটে ছিঁড়া?
লাভটা হিসাব করি দিয়ে তালি-জোড়া।
দেহে পোড়া ভাল নাকি ভাল মনে পোড়া?
লাভটা হিসাব করি দিয়ে তালি-জোড়া।
মরে বাঁচা ভাল নাকি ভাল বেঁচে মরা?
লাভটা হিসাব করি দিয়ে তালি-জোড়া।

কষ্টটা যেন শুধু করে ঘোরাফেরা
লাভের হিসাব তাই চলে দিয়ে জোড়া।

‘সেই দিনের ই মত’

আমার আজ ও লাগে কেন সেই দিনের ই মত?
যেদিন আমায় দেখেছিলে খেয়াল নিয়ে শত!

আকাশ সেদিন পরলো শাড়ী নীল-কাল পাড়,
সাহস যে আর হোল না তাই বসতে ঝিলের ধার।
সময় যেন দৌড়োনোতে ধরেছিল বাজি,
মানবো না হার-দুজনেতেই হয়েছিলাম রাজি।
বদল হোল সেদিন নেয়া ছোটো উপহার,
বুঝিনি যা ওজনেতে হবে এতো ভার!
প্রশ্ন তুমি করেছিলে, বল তুমি কার?
হারিয়ে ভাষা; নীরবতায় জবাব দিলাম তার।
চেয়েছিলাম দেখো যেন চোখের ও ফুল-স্বপন,
বিশ্বাসের আদরে যে ভাষা ছিল বপন,
দেয়া উপহারে যে ছিল গভীরতা,
না বলা কথায় ও যে ছিল বলা কথা !

প্রশ্ন করেছিলাম, প্রেম কবে হবে রোধ?
জবাব তুমি দিয়েছিলে; না নিয়ে প্রতিশোধ।
এমনি অনেক প্রশ্ন হোল দিলে সবই উত্তর
বললে, “কথা ফুরাবার নয় বছর পরেও সত্তর”।

এক যুগেতেই বদলে গেলে! ফুরালে কথা যত!
আমার আজ ও লাগে কেন সেই দিনের ই মত?

‘মৃতের পণ’

যেদিন থেকে জানলাম আমি মৃত-তোমার খবরে
সেদিন নিজেই দাফন দিলাম মন-দেহ কবরে।
আমার সুখেতে হাঁসো না, ভাল আর বাসনা,
কাঁদো না হলে ও যাতনা, মিছে হল সব সাধনা!

ভাবলাম তাই কি লাভ হবে বড় করে এ দুঃখ সবে?
করবো না আর মিথ্যে আশা, লোভ কিংবা ভালোবাসা,
সুখ হলেও অনেক বেশি খোঁজ দেব না দিবা-নিশি,
চাইবো না আর তোমার সঙ্গ হোকনা যতই নিদ্রা ভঙ্গ,
ধারবো না আর তোমার ধার-বেশ করেছি পণ এবার।

যদিও কঠিন এমনি চলা একলা পথে কথা বলা
শেখা কিছু নতুন কলা নেভাতে ঐ আঙুন জুলা।
তবুও আমি এগিয়ে গেলাম, অচিন পথের ঝুঁকি নিলাম,
চেনা পথের সুখ হারিয়ে, স্বপ্নগুলো ঘুম পাড়িয়ে।

‘আড়ি’

ভালবাসলাম যারে মায়ের পর
সে দিল ঠেলে পরের ঘর।
ভেবেছি যে হল বন্ধু ভাল
সে দিল ব্যথা বড়ই কাল।
যে স্বজনের ভরসা করি
দিলাম আমি সাগর পাড়ি,
সে স্বজন ও মুখ ফেরাল
সবার সাথেই হল আড়ি।